

২০১৭

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে

১। (ক) “পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন”। — এই উক্তির আলোকে ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৪

অথবা

(খ) ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসে মতি-কুমুদ উপকাহিনি সংযোজনের সার্থকতা আলোচনা করো। ১৪

২। (ক) ‘অরণ্যের অধিকার’ উপন্যাসে উলগুলানের নেতৃত্ব বীরসা দিলেও ধানী মুণ্ডার গুরুত্বও কম নয়। উলগুলানে ধানী মুণ্ডার ভূমিকার মূল্যায়ন করো। ১২

অথবা

(খ) ‘অরণ্যের অধিকার কৃষ্ণভারতের আদি অধিকার’ — মন্তব্যটির আলোকে উপন্যাসটির মূল্যায়ন করো। ১২

৩। (ক) ‘ল্যাবরেটরি’ গল্পে সোহিনী এক অতুলনীয় সৃষ্টি — মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১২

অথবা

(খ) অতিপ্রাকৃত গল্প হিসেবে ‘নিশীথে’ গল্পটিকে গ্রহণ করা যায় কি না আলোচনা করো। ১২

৪। (ক) ধনতন্ত্র-সামন্ততন্ত্র বনাম শ্রমিক-কৃষকের সংঘাতের মাঝে ‘ফসিল’ গল্পের মুখার্জি চরিত্রটি আসলে দ্বন্দ্ব-বিক্ষুব্ধ মধ্যবিত্তের প্রতিনিধি — আলোচনা করো। ১৫

অথবা

(খ) ঘটনা-প্রাচুর্য থাকলেও লেখকের শিল্পিত সংঘমের জন্যই ‘পয়োমুখম’ একটি সার্থক ছোটগল্প হয়ে উঠেছে — মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১৫

৫। (ক) দাঙ্গার বিরুদ্ধে সাধারণ মানুষের অবস্থানটি স্পষ্ট হয়ে উঠেছে ‘আদাব’ গল্পে। — আলোচনা করো। ১৫

অথবা

(খ) 'অন্তঃসলিলা' গল্পে নবীন লেখিকা শকুন্তলা দেবীর পারিবারিক বিরুদ্ধ পরিবেশটি সাবিত্রী রায় কীভাবে তুলে ধরেছেন তা দেখাও। ১৫

৬। (ক) "বিন্দুরও পরিবর্তন হইয়াছিল, এও পরিবর্তন"। বিন্দুর কী পরিবর্তন হয়েছিল? এই পরিবর্তনটি কার এবং কী ধরনের পরিবর্তন? ২+২

অথবা

(খ) "সত্তর বছরের একটা বুড়ো মরবে" তাই নিয়ে দশটা গাঁয়ের লোক হৈ হৈ করছে।" — কার মৃত্যুর কথা বলা হয়েছে? কীভাবে তার মৃত্যু হয়? ১+৩

৭। (ক) "হা রে! আমি ধরতি - আবা চাইনা রে! আমি আমার ছেলারে বুকের ভিতর চাই।" — কার উক্তি? 'ছেলা' কে? ছেলার জন্য এই কষ্ট কেন? ১+১+২

অথবা

(খ) "তোমার কথা ফিরায়ে নাও। বেইমানি জানে না হে মুণ্ডা। জানলে পরে তারা মিশনকে মিশন উড়িয়ে দিত"। — কে কাকে একথা বলেছে? একথা বলার পরে বক্তার কী পরিণতি হয়েছিল? ১+১+২

৮। (ক) "কেবল দুইজনে অন্ধকারের দিকে চাহিয়া রহিলাম। পদতলে গাঢ় কৃষ্ণবর্ণ উন্মত্ত মৃত্যুশ্রোত গর্জন করিয়া ছুটিয়া চলিল।" — কোন্ দুইজন? কোন্ পরিস্থিতিতে এই অনুভব? ১+৩

অথবা

(খ) "এই চিঠিগুলো আমারই চিঠি হয়ে উঠল — ওগুলি আজ আমারই প্রাণের স্তবমন্ত্র।" — বক্তা কে? চিঠিগুলি কে, কাকে লিখেছিল? চিঠিগুলির প্রাপক লেখককে এবং বক্তাকে লেখা চিঠিতে কী জানিয়েছিল? ১+১+১+১

৯। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

(ক) "বড় হয়ে আমি তোমায় নিয়ে যাবো" - কে, কাকে নিয়ে যেতে চেয়েছে? এখন সে নিয়ে যেতে পারছে না কেন? ২+৩

(খ) "আটমাস পরে এই চমৎকার চটি জোড়া উপহার এসেছে।" — চটি জোড়া কোন্ উপাদানে তৈরি? এই উপাদান কীভাবে সংগৃহীত হয়েছিল সংক্ষেপে লেখো। ১+৪

(গ) "একটা আচমকা আঘাতে এরা সকলে যেন থ হয়ে গিয়েছে।" — কারা থ হয়ে গিয়েছে? কোন্ 'আচমকা আঘাত' -এর কথা এখানে বলা হয়েছে? ১+৪

(ঘ) "নিমাই পণ্ডিত যে বিয়ের পুরস্কৃত, সে বিয়ে অমান্য করে কে?" — এখানে কাদের বিয়ের কথা বলা হয়েছে? উক্তিটিতে বক্তার কোন্ মানসিকতার প্রতিফলন ঘটেছে? ১+৪

১০। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

(ক) "সাজারি করব। তোমাদের মতো পচা রক্ত বাদ দেব।" — কে, কাকে বলেছে? 'পচা রক্ত' বলতে কী বোঝানো হয়েছে? ২+৩

(খ) "ফতিমাদিকে কোনওদিন এভাবে দেখতে হবে, আমি কল্পনাও করিনি" — কার লেখা গল্পের অংশ? ফতিমাদিকে কীভাবে দেখা গিয়েছিল? তার এই অবস্থা কারা করেছিল? ১+৩+১

(গ) "আমি সতাই খ্রিস্টান নই গো বাপ" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) "সে নাকে মালতীফুলের গন্ধ পেল। কারণ শ্রীকান্তর গহর-ভাইয়ের কথা মনে পড়েছিল।" — কোন্ প্রসঙ্গে এই উক্তি? 'শ্রীকান্ত' কী ধরনের উপন্যাস? ৩+২